222

দৈনিক ইত্তেফাক

তারিখ ...14. SEP. 1998.
পৃঃ ৩ কলাম 2

# ঢাকা ভার্সিটির সকল ক্লাস ও পরীক্ষাসমূহ ২৪ সেপ্টেম্বর পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত

প্রেস বিজ্ঞপ্তি ঃ গতকাল রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, সিন্ডিকেট সদস্য, অনুষদসমূহের ডীন, হলের প্রভোস্ট, বিভাগীয় চেয়ারপারসন, ইনস্টিটিউটের পরিচালক, প্রক্টর, রেজিস্ট্রার ও পরীক্ষা নিয়ন্ত্রক-এর এক সভা প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় দেশে বিরাজমান ভয়াবহ বন্যা পরিস্থিতির কারণে ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয়ে যাতায়াতে অসুবিধা এবং বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী ত্রাণ কার্যক্রমে সম্পৃক্ত থাকার কথা বিবেচনা করে গত ১২ সেপ্টেম্বর ভিসির সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সিদ্ধান্তের আলোকে বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও পরীক্ষাসমূহ আগামী ২৪ সেপ্টেম্বর পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তবে এ সময় বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরী, হল ও অফিসসমূহ যথারীতি খোলা থাকবে। সভায় আরো সিদ্ধান্ত হয় যে, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রে অনুষ্ঠিতব্য সকল পরীক্ষা পূজার ছুটির পর আগামী ৭ অক্টোবর থেকে অনুষ্ঠিত হবে।

সভায় বন্যার কারণে ছাত্র-ছাত্রীদের পড়াশুনায় যে ক্ষতিসাধিত হয়েছে তা পূরণ করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শীতকালীন ও ঈদের ছুটি ১০ দিন কমিয়ে আনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই সিদ্ধান্ত অনুযায়ী ২ জানুয়ারী থেকে ১০ জানুয়ারী তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ অনুষ্ঠিত হবে এবং ১১ জানুয়ারী থেকে শীতকালীন ছুটি শুরু হবে।